



JavaScript

Written By

আবদুল্লাহ আল ফারুক

Published By : WordPress Group

<http://ebooks.WpBangla.com>

জাভাস্ক্রিপ্ট বাংলা ই-বুক

JavaScript Bangla

E-book

(For Web Developers)

মোঃ আবদুল্লাহ্ আল-ফারুক

<https://www.facebook.com/faruk.ice09>

<http://www.WebTechnologyBlog.com>

প্রথম প্রকাশ
২১ শে ফেব্রুয়ারী ২০১৩

প্রকাশক
ওয়ার্ডপ্রেস গ্রুপ বাংলাদেশ
(<https://www.facebook.com/groups/Wordpress2Smashing>)

ওয়ার্ডপ্রেস গ্রুপ ওয়েবসাইট
(<http://www.wpbangla.com>)

লেখক
মোঃ আবদুল্লাহ আল-ফারুক
(<https://www.facebook.com/faruk.ice09>)
(<http://www.WebTechnologyBlog.com>)

প্রচ্ছদ
জামিল হোসেন সিজান
(<https://www.facebook.com/zamil.hossainsezan32>)

কপিরাইট
আবদুল্লাহ আল-ফারুক ও ওয়ার্ডপ্রেস গ্রুপ বাংলাদেশ

সর্তকতা
এই বইটি বিক্রয়ের জন্য নয়
বইটি বিনামূল্যে বিতরণযোগ্য

JavaScript Bangla E-book is written by MD.Abdullah Al Faruk & Published by Wordpress Group Bangladesh. Copyright by MD.Abdullah Al Faruk & Wordpress Group Bangladesh. Caution: **This book is not for sell. It's free to distribute.**

উৎসর্গ

সকল ভাষা শহীদদের প্রতি.....

আমার সম্পর্কে-

আমি মোঃ আবদুল্লাহ আল-ফারুক(<https://www.facebook.com/faruk.ice09>)। পড়ালেখা করছি কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ICE) বিভাগের তৃতীয় বর্ষে। আমি যখন জাভাস্ক্রিপ্ট শেখা শুরু করি তখন বাংলাতে জাভাস্ক্রিপ্টের তেমন কোন রিসোর্স ছিল না এবং এখন পর্যন্ত বাংলায় জাভাস্ক্রিপ্টের উপর আমার জানা মতে তেমন কোন ভালো বই নাই। আমার খুব ইচ্ছা ছিল জাভাস্ক্রিপ্টের উপর একটা স্বয়ংসম্পূর্ণ বই পাবলিশ করা কিন্তু তেমন কাউকে পাইনি যে এ ব্যাপারে সাহায্য করতে পারে। যাহোক শেষ পর্যন্ত ওয়ার্ডপ্রেস গ্রুপের সৌজন্যে ছোটখাটো একটা জাভাস্ক্রিপ্ট বই লিখেই ফেললাম। এর আগে আমি এইচটিএমএল ও সিএসএস নিয়ে আরও দুটি বই লিখেছি যেখানে যথেষ্ট সাড়া পেয়েছি। জাভাস্ক্রিপ্ট বাংলা ইবুকটি ও আশা করি আপনাদের ওয়েব ডেভলপমেন্ট শেখার কাজে সামান্য হলেও কাজে দিবে। আরেকটি কথা বইটিতে জাভাস্ক্রিপ্টের প্রায়োগিক দিক নিয়ে তেমন বেশি কিছু আলোচনা করা হয় নি এখানে জাভাস্ক্রিপ্ট শেখানোর প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে। বইটি দ্রুত লিখে শেষ করার কারণে কিছু ভুলত্রুটি থাকতে পারে আশা করি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। আর এই বইটি যদি আপনাদের শেখার কাজে সামান্য উপকারে লাগে তবে নিজেকে ধন্য ও আমার পরিশ্রম সার্থক হয়েছে বলে মনে করবো। আমি বিশেষভাবে ধন্যবাদ জানাই জামিল হোসেন সিজান

(<https://www.facebook.com/zamil.hossainsezan32>) ও ওয়ার্ডপ্রেস গ্রুপ বাংলাদেশ (<https://www.facebook.com/groups/Wordpress2Smashing/>) কে।

এই বইটির স্বব্বস্বত্ব আমার। অনুগ্রহ করে অনুমতি ছাড়া এই বইটির আংশিক বা সম্পূর্ণ কপি বা বিকৃত বা নিজের নামে চালিয়ে দেয়ার চেষ্টা করবেন না। আপনাদের নিজ নিজ ব্লগের মাধ্যমে বইটি সবার মাঝে ছড়িয়ে দিন। শেয়ার করুন সবার সাথে।

-আবদুল্লাহ আল-ফারুক

-:সূচিপত্র:-

অধ্যায়ঃ এক- সাধারণ আলোচনা

- জাভাস্ক্রিপ্ট কী?
- ইতিহাস
- প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ও স্ক্রিপ্ট ল্যাঙ্গুয়েজের মধ্যে পার্থক্য
- জাভাস্ক্রিপ্ট বনাম জাভা
- **JAVA** এবং **JavaScript** কি এক ?
- জাভাস্ক্রিপ্ট কেন প্রয়োজন
- জাভাস্ক্রিপ্ট এর সাহায্যে নিচের কাজগুলো এর যায়।
- জাভাস্ক্রিপ্ট আরও যে কাজগুলো করতে পারে
- জাভাস্ক্রিপ্ট সক্রিয় করা
- জাভাস্ক্রিপ্ট কে ইন্টারনেট এক্সপ্লোরার- এ সচল করারপদ্ধতি
- জাভাস্ক্রিপ্ট কে ফায়ারফক্স- এ সচল করারপদ্ধতি
- জাভাস্ক্রিপ্ট কে অপেরা - তে সচল করারপদ্ধতি
- জাভাস্ক্রিপ্ট কোথায় লিখতে হয়

অধ্যায়ঃ দুই- জাভাস্ক্রিপ্ট শুরু করা

- জাভাস্ক্রিপ্ট সিনট্যাক্স
- প্রথম জাভাস্ক্রিপ্ট কোড লেখা
- জাভাস্ক্রিপ্ট স্টেটমেন্ট
- জাভাস্ক্রিপ্ট ব্লক
- জাভাস্ক্রিপ্ট কোথায় থাকবে?
 - `<head>` ট্যাগের মাঝে জাভাস্ক্রিপ্টের ব্যবহার-
 - `<body>` ট্যাগের মাঝে জাভাস্ক্রিপ্টের ব্যবহার-
 - `<body>` ও `<head>` উভয় ট্যাগের মাঝে জাভাস্ক্রিপ্টের ব্যবহার-
- এক্সটারনাল জাভাস্ক্রিপ্টের ব্যবহার
- জাভাস্ক্রিপ্ট কমেন্টস
- যে কাজটি জাভাস্ক্রিপ্ট দিয়ে করতে পারবেন না।
- সার্ভারের রিসোর্স আপনি জাভাস্ক্রিপ্ট দিয়ে একসেস করতে পারবেন না

অধ্যায়ঃ তিন- জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল

- জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল কী?
- জাভাস্ক্রিপ্টে ভেরিয়েবল ডিকলার করা
- জাভাস্ক্রিপ্টে ভেরিয়েবল ডিকলারের বিভিন্ন পদ্ধতি
- ভেরিয়েবল এর উদাহরণ

- জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল নামের নিয়মনীতি
- ভেরিয়েবলের কার্যএলাকা
- লোকাল ভেরিয়েবল (Local Variable)
- গ্লোবাল ভেরিয়েবল (Global Variable)
- জাভাস্ক্রিপ্ট Loosely-typed Language...!!!!

অধ্যায়ঃ চার- জাভাস্ক্রিপ্ট ডাটা টাইপ

- জাভাস্ক্রিপ্ট ডাটা টাইপ
 - ১.নাম্বার ডাটা টাইপ (Number Data Type)
 - ২. লজিক্যাল ডাটা টাইপ (Logical/Boolean Data Type)
 - ৩.স্ট্রিং ডাটা টাইপ (String Data Type)
 - ৪.নাল ডাটা টাইপ (Null Data Type)
 - ৫.আনডিফাইন্ড ডাটা টাইপ (Undefined Data Type)

অধ্যায়ঃ পাঁচ- জাভাস্ক্রিপ্ট কনস্ট্যান্ট ও রিজার্ভড ওয়ার্ড

- জাভাস্ক্রিপ্ট কনস্ট্যান্ট (JavaScript : Constants)
- জাভাস্ক্রিপ্ট রিজার্ভড ওয়ার্ড
- Table of JavaScript Reserved Words
- Java Keywords (Reserved by JavaScript)
- ECMAScript Reserved Words

- Other JavaScript Keywords

অধ্যায়ঃ ছয়- জাভাস্ক্রিপ্ট অপারেটর

- জাভাস্ক্রিপ্ট অপারেটর কি?
- অপারেটরের প্রকারভেদ
 - 1.string Operators
 - 2.comparison Operators
 - 3.arithmetic Operators
 - 4. assignment Operators
 - 5. logical(or Relational) Operators
 - 6. Conditional (or ternary) Operators
- জাভাস্ক্রিপ্ট অপারেটরের ভেরিয়েবল সহ উদাহরণ
- স্ট্রিং ও নাম্বার যোগ করা

অধ্যায়ঃ সাত- জাভাস্ক্রিপ্ট ব্যবহার নির্দেশিকা

- ১.জাভাস্ক্রিপ্ট কেস সেন্সেটিভ
- ২.হোয়াইট স্পেস
- ৩.কোডলাইনকে ব্রেক করা
- ৫.সেমিকোলন
- ৪.জাভাস্ক্রিপ্ট স্পেসাল ক্যারেক্টার

অধ্যায়ঃ আট- জাভাস্ক্রিপ্ট কন্ডিশনাল (শর্তবাচক) স্টেটমেন্ট

- জাভাস্ক্রিপ্ট কন্ডিশনাল (শর্তবাচক) স্টেটমেন্ট কি?
- কন্ডিশনাল স্টেটমেন্টের প্রকারভেদ
 - ১.if statement
 - ২.if...else statement
 - ৩.if...else if...else statement
 - ৪.switch statement

অধ্যায়ঃ নয়- জাভাস্ক্রিপ্ট লুপ/ পুনঃরাবৃত্তি স্টেটমেন্ট

- লুপ (পুনঃরাবৃত্তি) স্টেটমেন্ট কি?
- লুপ (পুনঃরাবৃত্তি) স্টেটমেন্টের প্রকারভেদঃ
- While loop
- Do.....while loop
- For loop
- For.....in loop
- জাভাস্ক্রিপ্ট লুপ কন্ট্রোলঃ
- ব্রেক স্টেটমেন্ট (break Statement)
- কন্টিনিউ (continue Statement)

অধ্যায়ঃ দশ- জাভাস্ক্রিপ্ট অ্যারে

- জাভাস্ক্রিপ্ট অ্যারে কি?
- জাভাস্ক্রিপ্ট অ্যারে তৈরি করা
- জাভাস্ক্রিপ্ট অ্যারে একসেস করা
- অ্যাসোসিয়েটিভ অ্যারে কি?

অধ্যায়ঃ এগার-জাভাস্ক্রিপ্ট ফাংশন

- জাভাস্ক্রিপ্ট ফাংশান কি?
- জাভাস্ক্রিপ্ট ফাংশানের প্রকারভেদ
- ১.বিল্ট-ইন ফাংশান
- জাভাস্ক্রিপ্ট অ্যারে ফাংশান (**JavaScript Array Function**)
- জাভাস্ক্রিপ্ট বুলিয়ান ফাংশান (**JavaScript Boolean Function**)
- জাভাস্ক্রিপ্ট ম্যাথ ফাংশান (**JavaScript Math Function**)
- জাভাস্ক্রিপ্ট ডেট ফাংশান(**JavaScript Date Function**)
- জাভাস্ক্রিপ্ট নাম্বার ফাংশান (**JavaScript Number Function**)
- জাভাস্ক্রিপ্ট স্ট্রিং ফাংশান (**JavaScript String Function**)
- জাভাস্ক্রিপ্ট রেগুলার এক্সপ্রেসান ফাংশান (**JavaScript RegExp Function**)
- ২.ইউজার ডিফাইন ফাংশান
- ইউজার ডিফাইন ফাংশান তৈরি করা

- ফাংশানের উদাহরণ
- ফাংশন কল করা
- ফাংশনে প্যারামিটার ব্যবহার করা
ফাংশান রিটার্ন স্টেটমেন্ট

অধ্যায়ঃ বার -জাভাস্ক্রিপ্ট ইভেন্ট

- জাভাস্ক্রিপ্ট ইভেন্ট কি?
- জাভাস্ক্রিপ্ট ইভেন্টের উদাহরণ
- জাভাস্ক্রিপ্ট ইভেন্ট হ্যান্ডেলার
- জাভাস্ক্রিপ্ট ইভেন্ট অবজেক্ট
- জাভাস্ক্রিপ্ট ইভেন্ট এট্রিবিউট
- মাউস/কীবোর্ড এট্রিবিউট
- অন্যান্য ইভেন্ট এট্রিবিউট

অধ্যায়ঃ তের- ইউজারের সাথে যোগাযোগ

- Alert Box
- Confirm Box
- Prompt Box

অধ্যায়ঃ চৌদ- অবজেক্ট ওরিয়েন্টেড জাভাস্ক্রিপ্ট

- অবজেক্ট ওরিয়েন্টেড জাভাস্ক্রিপ্ট কি?
- অবজেক্ট
- প্রপার্টি
- মেথড
- অবজেক্টের প্রকারভেদ
- ১.বিল্ট-ইন অবজেক্ট
- ২. ইউজার ডিফাইন অবজেক্ট
- জাভাস্ক্রিপ্টে অবজেক্ট তৈরি করা
- **1.new** অপারেটর ব্যবহার করে সরাসরি অবজেক্ট তৈরি করা
- **2. অবজেক্ট ইনিশিয়ালাইজার (initializer) / Constructor function** ব্যবহার করে অবজেক্ট তৈরি

অধ্যায়ঃ পনের - জাভাস্ক্রিপ্ট কুকি

- জাভাস্ক্রিপ্ট কুকি কি?
- কুকির উদাহরণ
- কুকি তৈরি ও জমা করা

অধ্যায়ঃ ষোল-জাভাস্ক্রিপ্ট ফর্ম ভেলিডেশন

- জাভাস্ক্রিপ্ট ফর্ম ভেলিডেশন কি?
- ফর্ম ভেলিডেশন দিয়ে যে কাজগুলো করা যায়
- ইনপুট ফিল্ড ফাঁকা কিনা তা চেক করা
- ইমেইল ভেলিডেশন
- জাভাস্ক্রিপ্ট গেটএলিমেন্টবাইআইডি কি?
- গেটএলিমেন্টবাইআইডি বিষয়ে যা মনে রাখা দরকার

অধ্যায়ঃ সতের- একনজরে জাভাস্ক্রিপ্ট

অধ্যায়ঃ এক- সাধারণ আলোচনা

জাভাস্ক্রিপ্ট কী?

জাভাস্ক্রিপ্ট হল ফ্রন্ট-এন্ড অবজেক্ট ওরিয়েন্টেড স্ক্রিপ্টিং ল্যাঙ্গুয়েজ। জাভাস্ক্রিপ্টের একটি বড় সুবিধা হল একটি ছোট প্রোগ্রামিং-এর সাহায্যে অনেক বড় কাজ করা যায়। জাভাস্ক্রিপ্ট হল একটি ইন্টারপ্রিটেড ল্যাঙ্গুয়েজ (যার অর্থ হল এটার পূর্ববর্তী কোন কম্পাইলেশনের প্রয়োজন হয় না। জাভাস্ক্রিপ্ট হল একটি ক্লাইন্ট সাইড স্ক্রিপ্টিং ল্যাঙ্গুয়েজ বা ব্রাউজার স্ক্রিপ্টিং। ক্লাইন্ট সাইড স্ক্রিপ্টিং ল্যাঙ্গুয়েজ এর অর্থ হচ্ছে যে ওয়েব ব্রাউজ করবে তার ব্রাউজার এই স্ক্রিপ্টগুলোকে **run/execute** করবে। স্ক্রিপ্টিং ল্যাঙ্গুয়েজ হল প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজের সহজ ও সংক্ষিপ্ত রূপ। ওয়েব পেজে প্রোগ্রামিং-এর ছোঁয়া দিতেই স্ক্রিপ্টের উদ্ভাবন। আপনি যদি ওয়েব অ্যাপ্লিকেশন তৈরি করতে চান তবে আপনাকে অবশ্যই স্ক্রিপ্টিং ল্যাঙ্গুয়েজ ভালভাবে জানতে হবে। জাভাস্ক্রিপ্টের জন্ম সি/সি++ ও জাভা থেকে। এর সিনট্যাক্স সি/সি++ ও জাভার মত হলেও সি/সি++ ও জাভার অনেক জটিলতাই এখানে নেই। তাই এর সিনট্যাক্স অনেকটা ঐ সব ল্যাঙ্গুয়েজের মত। আরেকটি কথা জাভাস্ক্রিপ্ট ওয়েবের জন্য ছোট স্ক্রিপ্ট লিখতে সাহায্য করে যা HTML ডকুমেন্টের ইন্টারঅ্যাক্টিভিটি বাড়ায়। ক্লাইন্ট সাইড এর বিপরীত হল সার্ভার সাইড, সার্ভার সাইড ল্যাঙ্গুয়েজ গুলোর কোড ওয়েব সার্ভার এর মাধ্যমে **execute/run** হয়। জাভাস্ক্রিপ্ট এর প্রধান সুবিধা হল এর মাধ্যমে ভিজিটরকে সাইটের এর প্রতি আকর্ষণ সৃষ্টি করা যায়। জাভাস্ক্রিপ্টে নিজস্ব ফাংশন তৈরি করতে পারবেন, ইচ্ছামত ভেরিয়েবল ব্যবহার করতে পারবেন এমনকি ভেরিয়েবল টাইপ ডিকলারেশনেরও দরকার হবে না। জাভাস্ক্রিপ্ট হল ইন্টারপ্রিটেড ল্যাঙ্গুয়েজ অর্থাৎ এটির প্রতিটি লাইন ইন্টারপ্রেট (ব্রাউজার) দ্বারা পালিত হয়। আরেকটি কথা ওয়েবসাইট সাধারণত দুই ধরনের হয়ে থাকে, ডাইনামিক এবং স্ট্যাটিক। স্ট্যাটিক ওয়েবসাইট হল তাইই যার ডাটা পরিবর্তনশীল নয়, অর্থাৎ সহজ কথায় স্থির। ডাইনামিক হল যার ডাটা পরিবর্তনশীল। জাভাস্ক্রিপ্ট ওয়েবসাইটকে ডাইনামিক রূপ দেয়ার ক্ষেত্রে এক অপরিহার্য ভূমিকা পালন করে।

ইতিহাসঃ

জাভাস্ক্রিপ্ট উদ্ভাবন করেছে নেটস্কেপ কমুনিকেশন কর্পোরেশনের প্রোগ্রামার **Brendan Eich**। ১৯৯৫ সালের সেপ্টেম্বরে **LiveScript** নামে প্রথম জাভাস্ক্রিপ্ট আত্মপ্রকাশ করে। এরপর ডিসেম্বর ৪, ১৯৯৫ সালে এর নাম পরিবর্তন করে জাভাস্ক্রিপ্ট রাখা হয়, যদিও তখনও জাভাস্ক্রিপ্টের অফিসিয়াল নাম ছিল **EcmaScript**। **ECMAScript** ডেভলপ ও নিয়ন্ত্রণ করত **ECMA (European Computer Manufacturer's Association)** নামক একটি আন্তর্জাতিক সংগঠন।

প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ও স্ক্রিপ্ট ল্যাঙ্গুয়েজের মধ্যে পার্থক্যঃ

১. স্বয়ংসম্পূর্ণ অ্যাপ্লিকেশন তৈরি করা যায় প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে কিন্তু স্ক্রিপ্ট ল্যাঙ্গুয়েজের দ্বারা তৈরিকৃত অ্যাপ্লিকেশন চালানোর জন্য আলাদা অ্যাপ্লিকেশন/ল্যাঙ্গুয়েজ প্রয়োজন হয়।
২. স্ক্রিপ্ট ল্যাঙ্গুয়েজের কোডকে কম্পাইল করার দরকার হয় না।

জাভাস্ক্রিপ্ট বনাম জাভাঃ

JAVA এবং Javascript কি এক ?

কখনোই না। দুটির উদ্দেশ্য, নিয়ম সবই পুরোপুরি আলাদা। জাভা হল একটি জটিল ল্যাংগুয়েজ যা কোনো ওয়েবপ্রোগ্রাম নয়। এর মাধ্যমে আপনি আপনার মোবাইল বা ডেস্কটপের জন্য প্রোগ্রাম বা যেকোনো গেম তৈরি করতে পারেন। অন্যদিকে জাভাস্ক্রিপ্ট হল একটি সহজবোধ্য প্রোগ্রামিং ল্যাংগুয়েজ। তাছাড়া এদের ব্যবহার, লেখার নিয়মও আলাদা।

কিছু কিছু ক্ষেত্রে জাভাস্ক্রিপ্ট ও জাভা এক হলেও মৌলিক দিক থেকে দুটি আলাদা আলাদা ল্যাঙ্গুয়েজ। জাভা হল প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ যা Sun Microsystems নামক কোম্পানি ডেভলপ করেছে। অন্যদিকে জাভাস্ক্রিপ্ট উদ্ভাবন করেছে নেটস্কেপ কমুনিকেশন কর্পোরেশনের প্রোগ্রামার Brendan Eich। জাভাকে কম্পাইল করতে হয় এবং এটা যে কোন প্লাটফর্মে রান করা যেতে পারে, অন্যদিকে জাভাস্ক্রিপ্ট HTML কোডের মাঝে রাখা হয় এবং সরাসরি ব্রাউজার এটাকে ইন্টারপ্রেট করে। সিনট্যাক্স, reserved-words- জাভা ও জাভাস্ক্রিপ্টে আলাদা।

জাভাস্ক্রিপ্ট কেন প্রয়োজনঃ

ডাইনামিক ওয়েব পেজের চালিকাশক্তি হল স্ক্রিপ্ট(script)। স্ক্রিপ্ট হল কতগুলো এক্সিকিউটেবল স্টেটমেন্টের সমষ্টি (যেমন- macro or batch file) যা স্ক্রিপ্টিং ল্যাঙ্গুয়েজ দ্বারা তৈরি। HTML ব্যবহার করে বিভিন্ন ব্রাউজারে প্রদর্শনযোগ্য ওয়েব পেজে তৈরি করা হয় এবং সেই ওয়েব পেজকে আর্কিটেকচার ফরম্যাট দেওয়া হয় CSS ব্যবহার করে। কিন্তু কেবল HTML ও CSS ব্যবহার করে গতিময় ও ইন্টারঅ্যাক্টিভ ওয়েব পেজ তৈরি করা সম্ভব না। ওয়েব পেজে ইন্টারঅ্যাক্টিভিটি আনতে প্রয়োজন প্রোগ্রামিং। আর ওয়েব পেজে এই প্রোগ্রামিং এর কাজ করা হয় স্ক্রিপ্ট ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে।

জাভাস্ক্রিপ্ট এর সাহায্যে নিচের কাজগুলো এর যায়।

- ওয়েব সাইটে ঘড়ি তৈরি।
- Mouse Trailers (site ব্রাউজ এর সময় মাউস এ স্ট্রি এনিমেশন)
- ওয়েব পেজে পাসওয়ার্ড প্রদান।
- ব্রাউজার নাম, ভার্শন, আইএসপি জেনে তা ইউজারকে জানানো।
- সময়ের সাথে অভিবাদন জানানো।
- সময়ের সাথে ডিজাইন পরিবর্তন।
- ওয়েবে প্রবেশের কিছু সময় পর অন্য লকেসানে নিয়ে যাওয়া।
- বিভিন্ন কন্ডিশানের উপর ভিত্তি করে অন্য পেজে প্রবেশের সুযোগ দেওয়া
- গেম তৈরি।
- ইনপুট ও এনভায়রনমেন্ট অনুযায়ী সাড়া দেওয়া।
- ডায়নামিক ড্রপডাউন মেনু
- Alert মেসেজ
- পপআপ উইন্ডো
- ফর্ম ভেলিডেশন
- স্লাইড শো
- চলন্ত খবর

- আরও অনেক...

জাভাস্ক্রিপ্ট আরও যে কাজগুলো করতে পারেঃ

- এইচটিএমএল ডিজাইনারদের জন্য জাভাস্ক্রিপ্ট একটি টুল হিসেবে কাজ করে।
- এইচটিএমএল কোডের মাঝে ডায়নামিক টেক্সট ইনপুট করে।
- কোন ঘটনা ঘটলেই জাভাস্ক্রিপ্ট সাড়া দিতে পারে যেমন- কোন পেজ লোড হবার পর বা কোন বাটনে প্রেস করলেই জাভাস্ক্রিপ্ট কাজ করবে।
- জাভাস্ক্রিপ্ট HTML এলিমেন্টকে রিড,রাইট ও পরিবর্তন করতে পারে।
- সার্ভারে ডাটা পাঠানোর আগেই জাভাস্ক্রিপ্ট তা চেক করতে পারে। এর ফলে সার্ভারে অতিরিক্ত প্রসেসিং-এর দরকার হয় না।
- ব্রাউজার ডিটেক্ট করে নির্ধারণ করে ঐ ব্রাউজারের জন্য কোন পেজ প্রদর্শন করতে হবে।

জাভাস্ক্রিপ্ট ব্যবহার করে আপনি আপনার ওয়েব পেজে এনিমেশন ইফেক্ট যোগ করতে পারেন কোন প্রকার এক্সটারনাল ফ্লাশ প্লাগইন ছাড়া যেমন- HTML5 এর canvas (ওয়েব পেজে সরাসরি ড্রয়িং-এর সুবিধা দেয়) এলিমেন্টের ব্যবহার। এছাড়াও ড্রাগ ড্রপের সুবিধা, আপনার ওয়েব সাইটকে এক্সটারনাল ওয়েব সাইটের (যেমন- Facebook, Twitter, etc.)সাথে ইন্টিগ্রেট করার সুবিধা দেয়।

জাভাস্ক্রিপ্ট সক্রিয় করা

জাভাস্ক্রিপ্ট কে ইন্টারনেট এক্সপ্লোরার- এ সচল করারপদ্ধতি:

Internet Explorer এ আপনি security setting এ গিয়ে check করতে পারেন যে আপনার জাভাস্ক্রিপ্ট কি সচল রয়েছে কিনা। নিচে জাভাস্ক্রিপ্ট সচল করার উপায় দেয়া হলো।

১ প্রথমে **Tools** menu তে **Click** করতে হবে

২ তারপর menu হতে **Internet Options** নির্বাচন করতে হবে

৩ **Internet Options** এর **Security** tab এ **Click** করতে হবে

৪ তারপর **Custom Level** বাটনে **Click** করে **security settings** এ প্রবেশ করতে হবে

৫ **Scroll** করে **Scripting** section এ যেতে হবে

৬ **script** সচল করা জন্য **Enable** বাটন **Select** করতে হবে

৭ প্রক্রিয়াটি সম্পন্ন করতে **OK** বাটনে **Click** করতে হবে

৮ করার জন্য **Yes** বাটনে **Click** করতে হবে

জাভাস্ক্রিপ্ট কে ফায়ারফক্স- এ সচল করারপদ্ধতি:

Firefox এ আপনি **Options** এর **Content setting** এ গিয়ে **check** করতে পারেন যে আপনার জাভাস্ক্রিপ্টটি কি সচল রয়েছে কিনা। নিচে জাভাস্ক্রিপ্ট সচল করার উপায় দেয়া হলো।

১ প্রথমে **Tools menu** তে **Click** করতে হবে

২ তারপর **menu** হতে **Options** নির্বাচন করতে হবে

৩ **Options** এর **Content tab** এ **Click** করতে হবে

৪ নিশ্চিত করুন যে **Enable JavaScript check box** এ টিক দেয়া আছে কিনা

৫ প্রক্রিয়াটি সম্পন্ন করতে **OK** বাটনে **Click** করতে হবে

জাভাস্ক্রিপ্ট কে অপেরা - তে সচল করারপদ্ধতি:

Opera তে আপনি **Preferences** এর **Content setting** এ গিয়ে **check** করতে পারেন যে আপনার জাভাস্ক্রিপ্টটি কি সচল রয়েছে কিনা। নিচে জাভাস্ক্রিপ্ট সচল করার উপায় দেয়া হলো।

১ প্রথমে **Tools menu** তে **Click** করতে হবে

২ তারপর **menu** হতে **Preferences** নির্বাচন করতে হবে

৩ **Preferences** এর **Advanced tab** এ **Click** করতে হবে

৪ বাম পাশের লিস্ট **item** হতে **Content** নির্বাচন করতে হবে

৫ নিশ্চিত করুন যে **Enable JavaScript check box** এ টিক দেয়া আছে কিনা

৬ প্রক্রিয়াটি সম্পন্ন করতে **OK** বাটনে **Click** করতে হবে

জাভাস্ক্রিপ্ট কোথায় লিখতে হয়:

HTML-এর মত জাভাস্ক্রিপ্ট কোড লিখতে আলাদা কোন সফটওয়্যারের প্রয়োজন হবে না। টেক্সট এডিটর নোটপ্যাডই কোড লিখা যাবে। [Notepad++](#) (for Windows users) and [TextWrangler](#) (for Mac users)

অধ্যায়ঃ দুই- জাভাস্ক্রিপ্ট শুরু করা

জাভাস্ক্রিপ্ট সিনট্যাক্সঃ

জাভাস্ক্রিপ্ট সিনট্যাক্স হল কতগুলো নিয়মের (a set of rules) সমষ্টি যা নির্ণয় করে কিভাবে একজন প্রোগ্রামার ল্যান্ডমার্ক লিখবে এবং কোডটিকে কিভাবে ব্রাউজার ইন্টারপ্রেট করবে। জাভাস্ক্রিপ্ট হল কতগুলো স্টেটমেন্টের সমষ্টি যা এইচটিএমএল-এর `<script>... </script>` ট্যাগের মাঝে থাকে। এইচটিএমএল কোডের যে কোন স্থানে `<script>` ট্যাগ স্থাপন করা যায় তবে হেড সেকশনে রাখা উত্তম। `<script>` ট্যাগ ব্রাউজার প্রোগ্রামকে `<script>... </script>` ট্যাগের মাঝের স্ক্রিপ্টকে ইন্টারপ্রেট করার নির্দেশ দেয়।

সাধারণ জাভাস্ক্রিপ্ট সিনট্যাক্স হল-

```
<script type="text/javascript">
<!--
এখানে অপারেটর, ফাংশন, ভেরিয়েবল, ডাটা(এককথায় প্রোগ্রামের সকলকিছু এখানে থাকবে)
-->
</script>
```

স্ক্রিপ্ট ট্যাগের দুটি গুরুত্বপূর্ণ এট্রিবিউট আছে-

- **language:** ল্যান্ডমার্ক এট্রিবিউট নির্দেশ করে স্ক্রিপ্টিং ল্যান্ডমার্ক হিসেবে কোন ল্যান্ডমার্ক ব্যবহার করা হচ্ছে। HTML ও XHTML-এর সাম্প্রতিক ভার্সনে এটা ব্যবহারে নিষেধ করা হয়েছে।

```
<script language = "JavaScript">
```

- **type:** এই এট্রিবিউট স্ক্রিপ্টিং ল্যান্ডমার্ক নির্দেশ করে। স্ক্রিপ্ট ল্যান্ডমার্ককে সাধারণত কনটেন্ট টাইপ (যেমন- "text/javascript") হিসেবে নির্দিষ্ট করা হয়।

```
<script type="text/javascript">
```

প্রথম জাভাস্ক্রিপ্ট কোড লেখাঃ

"Hello World" লেখাটি আমরা ব্রাউজারে দেখাতে চাচ্ছি। নিচের মত করে কোড লিখুন-

```
<html>
<body>
<script type="text/javascript">
<!--
  document.write("Hello World!")
//-->
</script>
</body>
</html>
```

আমাদের প্রথম ধাপ হচ্ছে `<script>` ট্যাগ ব্যবহারের মাধ্যমে ব্রাউজার কে বোঝাতে হবে যে আমরা জাভাস্ক্রিপ্ট ব্যবহার করছি। `script type` হিসাবে "text/JavaScript" সেট করতে হবে। এখানে আমরা `document.write` নামে একটি স্টেটমেন্ট ব্যবহার করেছি যার কাজ হল টেক্সট প্রদর্শন করা। আমরা নিচের মত আউটপুট দেখতে পাব-

Hello World!

জাভাস্ক্রিপ্ট স্টেটমেন্ট

জাভাস্ক্রিপ্ট হল কতগুলো পর্যায়েক্রমিক স্টেটমেন্টের সমষ্টি যা ব্রাউজার দ্বারা এক্সিকিউট হয়। প্রতিটা স্টেটমেন্ট ব্রাউজারকে একটি নির্দেশ প্রদান করে। জাভাস্ক্রিপ্ট স্টেটমেন্ট মূলত ব্রাউজারকে কোন নির্দেশ প্রদান করে। আর এই নির্দেশের উদ্দেশ্য হল ব্রাউজারকে কি করতে হবে তা বলে দেওয়া। যেমনঃ আমরা যদি **Hello Dolly** লেখাটি ওয়েব পেজে প্রদর্শন করতে চাই তবে ব্রাউজারকে নিচের মত নির্দেশ প্রদান করতে হবে-

```
document.write("Hello Dolly");
```

স্টেটমেন্ট দিয়ে ব্রাউজারকে **Hello Dolly** লিখতে বলে। স্টেটমেন্টের শেষে সেমিকোলন (;) দিয়ে শেষ করতে হয়। এটা অপশনাল। প্রতিটা **Statement** এক লাইনে লিখতে হবে (এক লাইনের **Statement** হলে তাদের শেষে সেমিকোলন না দিলেও হবে) আর একাধিক **Statement** এক লাইনে লিখলে তাদেরকে সেমিকোলন দ্বারা পৃথক করতে হবে। জাভাস্ক্রিপ্ট কেস সেন্সেটিভ তাই স্টেটমেন্ট, ভেরিয়েবল, অবজেক্ট, ফাংশান তৈরির সময় সঠিক থাকতে হবে।

স্টেটমেন্টের উদাহরণ-

নিচের কোডটি ওয়েব পেজে একটি হেডিং ও দুটি প্যারাগ্রাফ প্রদর্শন করবে-

```
<html>
```

```
<body>
```

```
<script type="text/javascript">
```

```
document.write("<h1>This is a heading</h1>");
```

```
document.write("<p>This is a paragraph.</p>");
```

```
document.write("<p>This is another paragraph.</p>");
```

```
</script>
```

```
</body>
```

```
</html>
```

জাভাস্ক্রিপ্ট ব্লকঃ

জাভাস্ক্রিপ্ট স্টেটমেন্টগুলো গ্রুপ আকারে একটা ব্লকের মাঝে থাকে। ব্লক শুরু হয় একটা বাম বাঁকানো ব্যাকেট”{” দিয়ে এবং শেষ হয় ডান বাঁকানো ব্যাকেট”}” দিয়ে। এই ব্লক তৈরির উদ্দেশ্য হল পর্যায়েক্রমিক কতগুলো স্টেটমেন্টকে একসাথে একত্রিত করা। নিম্নে ব্লকের একটি উদাহরণ দেওয়া হল-

```
<html>
```

```
<body>
```

```
<script type="text/javascript">
```

```
{
```

```
document.write("<h1>This is a heading</h1>");  
  
document.write("<p>This is a paragraph.</p>");  
  
document.write("<p>This is another paragraph.</p>");  
  
}
```

```
</script>
```

```
</body>
```

```
</html>
```

কোড বিশ্লেষণঃ এখানে যেভাবে ব্লকের মাঝে কোড লেখা হয়েছে আসলে সচারচর এভাবে লেখা হয় না। কতগুলো স্টেটমেন্টসহ একটা ফাংশান বা কন্ডিসানের উপর ভিত্তি করে ব্লক তৈরি করা হয়। পরবর্তীতে এসব নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে।

জাভাস্ক্রিপ্ট কোথায় থাকবে?

নিচের উল্লেখিত যে কোন স্থানে আপনি জাভাস্ক্রিপ্ট রাখতে পারেন-

- এইচটিএমএল-এর **<head>** ট্যাগের মাঝে।
- এইচটিএমএল-এর **<body>** ট্যাগের মাঝে।
- **<body>** ও **<head>** উভয় সেকশনেই রাখা যাবে।
- এক্সটারনাল ফাইল হিসেবে (যা এইচটিএমএল-এর সাথে লিঙ্ক করে দিতে হবে)

<head>ট্যাগের মাঝে জাভাস্ক্রিপ্টের ব্যবহার-

ফাংশন ও গুরুত্বপূর্ণ স্ক্রিপ্ট সমূহ, যার উপর অন্য স্ক্রিপ্ট নির্ভর করে তা হেড সেকশনে রাখা ভাল। যদি আপনি চান জাভাস্ক্রিপ্ট কে কিছু ইভেন্ট (যেমন যখন কোন ব্যবহারকারী কোন বাটনে ক্লিক করবে) এর উপর রান করাবেন সেক্ষেত্রে আপনি জাভাস্ক্রিপ্ট কে হেড ট্যাগে রাখতে পারেন। যেমন- নিচের উদাহরণে ব্যবহারকারী যখন বাটনে ক্লিক করবে তখন **alert box** দেখাবে।

```
<html>
```

```
<head>
<script type="text/javascript">
<!--
function sayHello() {
  alert("Hello World")
}
//-->
</script>
</head>
<body>
<input type="button" onclick="sayHello()" value="Say Hello" />
</body>
</html>
```

আমরা একটা ফাংশন তৈরী করেছি যার নাম **sayHello** এবং এটাকে এইচটিএমএল ডকুমেন্ট এর **head** ট্যাগ এ রেখেছি । এখন আমরা যতবারই বাটনে ক্লিক করবো ততবারই "Hello World!" নামের **alert box** দেখাবে।

<body>ট্যাগের মাঝে জাভাস্ক্রিপ্টের ব্যবহার-

কোন পেজ লোড হওয়া মাত্রই যদি আপনি জাভাস্ক্রিপ্ট কে রান করতে চান সেক্ষেত্রে আপনি জাভাস্ক্রিপ্ট কে বডি ট্যাগের মাঝে রাখতে পারেন। এক্ষেত্রে কোন ফাংশান ডিকলারেশনের দরকার নেই।

```
<html>
<head>
</head>
<body>
<script type="text/javascript">
<!--
document.write("Hello World")
//-->
</script>
<p>This is web page body </p>
</body>
</html>
```

নিচের মত আউটপুট দেখা যাবে-

Hello World

This is web page body

<body> ও <head> উভয় ট্যাগের মাঝে জাভাস্ক্রিপ্টের ব্যবহার-

একই সাথে হেড ও বডি সেকশনে জাভাস্ক্রিপ্ট কোড লেখা যায়। যেমন-

```
<html>
<head>
<script type="text/javascript">
<!--
function sayHello() {
  alert("Hello World")
}
//-->
</script>
</head>
<body>
<script type="text/javascript">
<!--
document.write("Hello World")
//-->
</script>
<input type="button" onclick="sayHello()" value="Say Hello" />
</body>
</html>
```

নিচের মত আউটপুট দেখা যাবে-

Hello World

এক্সটারনাল জাভাস্ক্রিপ্টের ব্যবহারঃ

একই জাভাস্ক্রিপ্ট কোড বিভিন্ন পেজে ব্যবহার করতে বা কোডের পরিমাণ বেশি হলে এক্সটারনাল জাভাস্ক্রিপ্ট ব্যবহার করা হয়। হেড ও বডি উভয় সেকশানেই এক্সটারনাল জাভাস্ক্রিপ্ট ব্যবহার করা যায়। প্রথমত জাভাস্ক্রিপ্ট কোডগুলো একটি এডিটরে লিখতে হবে যেখানে `<script>.....</script>` ট্যাগ থাকবে না, শুধুমাত্র জাভাস্ক্রিপ্ট কোড থাকবে। যেমন-

```
function sayHello() {  
  alert("Hello World")  
}
```

এরপর ফাইলটিকে ".js" extension দিয়ে সেভ করতে হবে। মনে করি ফাইলটিকে filename.js নাম দিয়ে সেভ করা হয়েছে। এরপর একটি HTML কোড লিখতে হবে যেখানে `<script>` ট্যাগের src এট্রিবিউটের মাধ্যমে ঐ filename.js ফাইলের লোকেশান জানিয়ে দিতে হবে। যেমন-

```
<html>  
<head>  
<script type="text/javascript" src="filename.js" ></script>  
</head>  
<body>  
.....  
</body>  
</html>
```

এরপর কোডটিকে "something.html" নাম দিয়ে সেভ করতে হবে। এক্ষেত্রে HTML file এবং জাভাস্ক্রিপ্ট file একই directory তে আছে বলে মনে করা হচ্ছে।

জাভাস্ক্রিপ্ট কমেন্টসঃ

আপনি যদি আগের কোন প্রগ্রামিং ল্যাঙ্গুয়েজ শিখে থাকেন তাহলে কমেন্টস এর প্রয়োজনীয়তা বুঝতে পারেন। প্রোগ্রামের মধ্যে যা প্রগ্রামের অংশ না কিন্তু প্রগ্রামারের সুবিধার জন্য নোট আকারে কমেন্টস লেখা হয়। জাভাস্ক্রিপ্টে কমেন্ট লেখার ক্ষেত্রে // চিহ্ন দিয়ে কমেন্ট লিখুন। যেমন-

```
<script type="text/javascript">  
// এটি কমেন্ট, যা প্রোগ্রামের অংশ নয়।  
document.write("<h1>This is a heading</h1>");  
// এক লাইনের কমেন্ট এভাবে লিখুন  
document.write("<p>This is a paragraph.</p>");  
document.write("<p>This is another paragraph.</p>");  
</script>
```

একাধিক লাইন হলে

```
<script type="text/javascript">
/*
উপরের চিহ্ন দিয়ে কমেণ্ট লেখা শুরু করুন
একাধিক লাইনের কমেণ্ট এভাবে লিখতে হয়।
*/
document.write("<h1>This is a heading</h1>");
document.write("<p>This is a paragraph.</p>");
document.write("<p>This is another paragraph.</p>");
</script>
```

```
<script language="javascript" type="text/javascript">
<!--

// সিঙ্গেল লাইন কমেণ্টের জন্য।

/*
একাধিক লাইনের কমেণ্টের জন্য।
*/
//-->
</script>
```

যে কাজটি জাভাস্ক্রিপ্ট দিয়ে করতে পারবেন না।

আপনি জাভাস্ক্রিপ্টকে একটি ব্রাউজারে রান করতে বাধ্য করতে পারেন না। কারণ, আমরা জানি জাভাস্ক্রিপ্ট ক্লাইন্ট সাইড স্ক্রিপ্টিং ল্যান্গুয়েজ যা ব্রাউজারে এক্সিকিউট বা রান হয়। আপনি যদি পুরাতন ভার্শনের ব্রাউজার ব্যবহার করেন বা আপনার ব্রাউজারে যদি জাভাস্ক্রিপ্ট ডিজেবল করা থাকে তবে ব্রাউজারে জাভাস্ক্রিপ্ট কাজ করবে না।

সার্ভারের রিসোর্স আপনি জাভাস্ক্রিপ্ট দিয়ে একসেস করতে পারবেন নাঃ

আমরা জানি জাভাস্ক্রিপ্ট একটি ক্লাইন্ট সাইড ল্যান্গুয়েজ যা কেবল মাত্র ব্রাউজার এনভায়রনমেন্টে কাজ করে। জাভাস্ক্রিপ্ট সার্ভারের রিসোর্স (যেমন-ডাটাবেজ) একসেস করতে পারে না।

অধ্যায়ঃতিন- জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল

জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল

ভেরিয়েবল হচ্ছে একটা পাত্রের মত (Container) যেখানে আমরা অনেক তথ্য রাখতে পারি। যেমন-একটা টেক্সট স্ট্রিং- "Hello Bangladesh" অথবা একটা Integer value 100। কোন একটা ভেরিয়েবলে একবার তথ্য রেখে (কোন Variable এ কিছু রাখা এটাকে বলে Variable declare বা ঘোষণা) সেটা পুরো কোডজুড়ে বারবার ব্যবহার করতে পারেন।

ভেরিয়েবল হল তথ্য জমা রাখার একটি পাত্রের মত, যা ভেলু ($x=5$) বা কোন এক্সপ্রেশন($z=x+y$) ধারণ করতে পারে।

ভেরিয়েবল হল একটা প্রতীকি (symbolic) নাম যা আপনার নির্দিষ্ট করে দেয়া ভেলুকে উপস্থাপন করে। ভেরিয়েবল এর উদ্দেশ্য হচ্ছে আপনার তথ্যকে জমা রাখা যাতে আপনি পরবর্তিতে তা ব্যবহার করতে। ভেরিয়েবল নাম (name) দ্বারা ডাটা মোড়ানো থাকে যাতে আপনি সহজে এটাকে move করতে পারেন।

জাভাস্ক্রিপ্টে ভেরিয়েবল ডিকলার করাঃ

জাভাস্ক্রিপ্ট প্রোগ্রামে ভেরিয়েবল ব্যবহারের পূর্বে অবশ্যই তাকে ডিকলার করে নিতে হবে। সম্পূর্ণ প্রোগ্রামে ভেরিয়েবল একবার ডিকলার বা ইনিশিয়ালাইজ করলে দ্বিতীয়বার প্রোগ্রামে ডিকলার বা ইনিশিয়ালাইজ করার দরকার হবে না। জাভাস্ক্রিপ্টে ভ্যারিয়েবলের ডাটা টাইপ উল্লেখ করার প্রয়োজন নাই। জাভাস্ক্রিপ্টে Variable ঘোষণা করা হয় Var দিয়ে। এরপর Variable নাম ও এর একটা মান(Value) সেট করে দিতে হয়। যেমনঃ

```
Var Variable_Name="Value";
```

জাভাস্ক্রিপ্টে ভ্যারিয়েবল ডিকলারেশনের জন্য Var ব্যবহার না করলেও চলে। যেমনঃ

```
Var x=12; এর পরিবর্তে শুধু x=12; লিখলেও চলবে।
```

উল্লেখ্য, উপরের প্রতিটা লাইনও একেকটা স্টেটমেন্ট তাই, প্রতিটা স্টেটমেন্ট এর পরে সেমিকোলন (;) দেয়া হল।

জাভাস্ক্রিপ্টে ভেরিয়েবল ডিকলারের বিভিন্ন পদ্ধতিঃ

```
// একটি জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল ডিকলার
```

```
var firstName;
```

```
// একাধিক জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল ডিকলার  
var firstName, lastName;
```


```
// একটি জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল ডিকলার ও তার মান এসাইন করে দেওয়া।  
var firstName = 'Homer';
```

```
// একাধিক জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল ডিকলার ও তাদের মান এসাইন করে দেওয়া।  
var firstName = 'Homer', lastName = 'Simpson';
```

নোটঃ ভেরিয়েবলের ভেলু হিসেবে টেক্সট ডিকলার করলে তাকে অবশ্যই ডাবল কোটেশানের মধ্যে রাখতে হবে। আপনি যদি ভেরিয়েবলকে পুনরায় ডিকলার করেন তবে এটা তার মান হারাতে না।

ভেরিয়েবল এর উদাহরন:

প্রথমবার ভেরিয়েবল ব্যবহারের ক্ষেত্রে ভেরিয়েবল নামের পুরে "var" লেখা জরুরী নয় তবে ভাল programming practice এর জন্য প্রথমবার ভেরিয়েবল নামের পুরে "var" লেখা উচিত। নিচে উদাহরনের মাধ্যমে বিষয়টি পরিস্কার করা হল।

```
<body>  
<script type="text/JavaScript">  
<!--  
var linebreak = "<br />"  
var my_var = "Hello World!"  
  
document.write(my_var)  
document.write(linebreak)  
  
my_var = "I am learning JavaScript!"  
document.write(my_var)   
document.write(linebreak)  
  
my_var = "Script is Finishing up..."  
document.write(my_var)  
//-->  
</script>  
</body>
```

প্রদর্শন:

Hello World!
I am learning JavaScript!
Script is Finishing up...

উপরের উদাহরণে আমরা দুটি ভেরিয়েবল তৈরী করেছি যার একটি লাইন ব্রেকের জন্য HTML কে ধরেছে অপরটি হচ্ছে ডাইনামিক ভেরিয়েবল যার উপরের script এর মধ্যে তিনটি ভিন্ন ধরনের ভেলু রয়েছে। ভেরিয়েবল এর ভেলু নির্দিষ্ট করতে সমান চিহ্ন (=) ব্যবহার করতে হবে। যেখানে বাম পাশে থাকবে ভেরিয়েবল এবং ডান পাশে থাকবে ভেরিয়েবল এর ভেলু। যেমন my_var = "Hello World!" এর মানে হচ্ছে my_var সমান "Hello World!" । ভেরিয়েবল এবং এর ভেলু বসানোর order ঠিক রাখতে হবে অর্থাৎ প্রথমে ভেরিয়েবল এর নাম পরে ভেরিয়েবল এর ভেলু তা না হলে script ঠিকমত কাজ করবে না।

আরেকটি উদাহরণ দেখুনঃ

স্ক্রিপ্ট এক্সিকিউট হবার সময়ও ভেরিয়েবলের মান পরিবর্তন করে দেওয়া যায়। আপনি একটি ভেরিয়েবলকে তার নাম দিয়ে রেফার করতে পারেন ভেরিয়েবলের মান ডিসপ্লে বা পরিবর্তনের জন্য।

```
1 <html>
2 <body>
3
4 <script type="text/javascript">
5 var firstname;
6 firstname="faruk";
7 document.write(firstname);
8 document.write("<br />");
9 firstname="himu";
10 document.write(firstname);
11 </script>
12
13 <p>The script above declares a variable,
14 assigns a value to it, displays the value,
15 changes the value,
16 and displays the value again.</p>
17
18 </body>
19 </html>
```

জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবল নামের নিয়মনীতিঃ

- ভেরিয়েবলের নাম কেস সেন্সিটিভ(y এবং Y are দুটি আলাদা ভেরিয়েবল)
- ভেরিয়েবলের নাম অবশ্যই বর্ণ (A,B,c) বা আন্ডারস্কোর(_) দিয়ে শুরু হবে।
- ভেরিয়েবলের নামে যে কোন বর্ণ বা বর্ণমালা সংখ্যা (0-9) বা আন্ডারস্কোর থাকতে পারে।
- ভেরিয়েবলের নামের মাঝে কোন স্পেস থাকতে পারবে না।
- ভেরিয়েবলের নামের মাঝে বিভিন্ন চিহ্ন যেমন কমা, ফুলস্টপ ব্যবহার করা যাবে না।

- প্রথম ক্যারেক্টার ডিজিট(0-9) হতে পারবে না।
- ভেরিয়েবলের নাম হিসেবে "জাভাস্ক্রিপ্ট রিজার্ভ ওয়ার্ড" ব্যবহার করা যাবে না। যেমন-*break* বা *boolean* ভেরিয়েবলের নাম হিসেবে ব্যবহার করা যাবে না। জাভাস্ক্রিপ্ট রিজার্ভ ওয়ার্ডের তালিকা নিম্নে দেওয়া হল।

নোটঃ জাভাস্ক্রিপ্ট কেস সেন্সেটিভ তাই ভেরিয়েবলের নাম ও কেস সেন্সেটিভ।

ভেরিয়েবলের কার্যএলাকাঃ

ভেরিয়েবল ডিকলারেশনের স্থান অনুসারে এটির কার্য এলাকা **Local** ও **Global** দুধরনের হতে পারে।

লোকাল ভেরিয়েবল (Local Variable): যদি কোন ফাংশনের অধিনে ভেরিয়েবল ডিক্লেয়ার করেন তবে তা হবে **Local** ভেরিয়েবল। কারণ ঐ ভেরিয়েবল কেবল ঐ ফাংশানের মাঝেই কাজ করবে। যখন ফাংশানের কাজ শেষ হবে তখন ঐ ভেরিয়েবলও ভ্যানিশ হয়ে যাবে। বিভিন্ন ফাংশানে একই নামে ভেরিয়েবল ডিকলার করা যাবে। **Local** ভেরিয়েবল থাকবে বন্ধনী ({}) মধ্য। যেমন-

```
<script type="text/javascript">
function checkscope( )
{
  var myVar = "local"; // Declare a local variable
  document.write(myVar);
}
</script>
```

গ্লোবাল ভেরিয়েবল (Global Variable) : কোন ফাংশনের (Function) বাইরে ভেরিয়েবল ডিক্লেয়ার করলে তা **Global Variable** রূপে কাজ করবে। ঐ ভেরিয়েবলকে প্রোগ্রামের সকল ফাংশান ব্যবহার করতে পারবে। সুতরং কোন **Variable** কে একাধিক ফাংশানে ব্যবহার করতে চাইলে অবশ্যই তাকে **Global Variable** হিসেবে ঘোষণা করবেন। প্রোগ্রামের শুরু থেকে প্রোগ্রাম ক্লোজ না করা পর্যন্ত **Global Variable** কাজ করে। একই নামে প্রোগ্রামে একটি লোকাল ও গ্লোবাল ভেরিয়েবল থাকলে লোকাল ভেরিয়েবল প্রাধান্য পাবে। এক্ষেত্রে গ্লোবাল ভেরিয়েবল হাইড থাকবে। যেমন-

```
<script type="text/javascript">
<!--
var myVar = "global"; // Declare a global variable
function checkscope( ) {
  var myVar = "local"; // Declare a local variable
  document.write(myVar);
}
```

```
//-->  
</script>
```

আউটপুটঃ

```
local
```

নোটঃ "var" কীওয়ার্ড ছাড়া ভেরিয়েবল ডিকলার করলে তা **Global Variable** হিসেবে কাজ করবে। এক্ষেত্রে সাধারণত ভেরিয়েবলের মান বসিয়ে দেওয়া হয়। যেমন-

```
x=5;  
carname="Volvo";
```

জাভাস্ক্রিপ্ট ভেরিয়েবলের সাহায্যে এরিথমেটিক অপারেশন করা যায়। যেমন-

```
y=x-5;  
z=y+5;
```

জাভাস্ক্রিপ্ট Loosely-typed Language...!!!!

জাভাস্ক্রিপ্টকে বলা হয় "loosely-typed language" বা **untyped language**। কারণ ভেরিয়েবল ডিকলার করতে ডাটা টাইপ উল্লেখ করতে হয় না। এটার অর্থ হল একটি ভেরিয়েবল বিভিন্ন সময় বিভিন্ন টাইপের ডাটা ধারণ করতে পারে। যেমন-
var Age = 34; হল ইন্টিজার কিন্তু **var strAge = "34";** হল ক্যারেক্টার কারণ ভেলুতে ডাবল কোটেসান দেওয়া আছে। প্রোগ্রাম এক্সিকিউট হবার সময় ভেরিয়েবলের ভেলু টাইপ স্বয়ংক্রিয়ভাবে জাভাস্ক্রিপ্ট দ্বারা পরিবর্তিত হতে পারে।

যদি আপনি এটা ম্যাথ ফাংশান দিয়ে করতে চান (যেমন- ভেলুকে চার দিয়ে গুন করা) তবে ইন্টিজার টাইপের ভেলু পাওয়া যাবে। যদিও এটা সুবিধাজনক, তথাপি এটা ব্যবহারে সতর্ক থাকতে হবে কারণ অনাকাঙ্ক্ষিত ফলাফল আসতে পারে।

অধ্যায়ঃ চার- জাভাস্ক্রিপ্ট ডাটা টাইপ

জাভাস্ক্রিপ্টঃ ডাটা টাইপ-

জাভাস্ক্রিপ্ট বিভিন্ন ধরনের ডাটা টাইপ আছে যা আমরা ভেরিয়েবলের মান হিসেবে ব্যবহার করে থাকি। ভেলু হল একটি ইনফরমেশান যা **Number, String, Boolean, Null** ইত্যাদি হতে পারে। জাভাস্ক্রিপ্ট আপনাকে তিনটি প্রিমিটিভ (**primitive**) ডাটা টাইপ ব্যবহারের সুযোগ দেয়। যেমন-

১.সংখ্যা (Number) যেমন:1,2,55,.3641 ইত্যাদি.

২.যৌক্তিক (Boolean) মান অর্থাৎ TRUE অথবা FALSE.

৩.শব্দগুচ্ছ (Strings of text) যেমন:islamic university,cse,ice ইত্যাদি

এছাড়াও **null** ও **undefined** নামে দুটি **trivial** ডাটা টাইপ আছে যারা শুধুমাত্র একটি ভেলু ডিফাইন করে। **object** নামে জাভাস্ক্রিপ্টে একটি **composite** ডাটা টাইপ আছে।

নিম্নে বিভিন্ন ধরনের ডাটা টাইপের বর্ণনা দেওয়া হল-

১.নাম্বার ডাটা টাইপ (Number Data Type)

নাম্বার ডাটা টাইপ দুই ধরনের নিউমেরিক ভেলু উপস্থাপন করে- **32-bit** ইন্টিজার এবং **64-bit** ফ্লটিং পয়েন্ট নাম্বার।

নাম্বার ভেলু বিভিন্ন ফরম্যাটের হতে পারে। যেমন-

```
var age = 25; // simple, decimal, integer
var price = 45.95; // floating point
var permissions = 0775; // integer in octal, 509 in decimal
// (note the leading zero)
var flags = 0x1c; // integer in hexadecimal, 28 in decimal
// (note the 0x prefix)
var measurement = 5.397e-9; // floating point in
// scientific notation
```

নোটঃ জাভাস্ক্রিপ্ট ইন্টিজার ও ফ্লটিং পয়েন্ট ভেলুর মাঝে পার্থক্য করে না। জাভাস্ক্রিপ্টে সকল সংখ্যাকে ফ্লটিং পয়েন্ট হিসেবে ধরে নেওয়া হয়। জাভাস্ক্রিপ্ট সংখ্যা প্রকাশের ক্ষেত্রে **64-bit** ফ্লটিং পয়েন্ট ফরম্যাট ব্যবহার করে যা **IEEE 754** স্ট্যান্ডার্ড দ্বারা স্বীকৃত।

২. লজিক্যাল ডাটা টাইপ (Logical/Boolean Data Type)

Boolean সকল লাস্ফুয়েজের কমন ডাটা টাইপ। এটার দুটি মাত্র ভেলু আছে- **true** এবং **false**। এই দুটি ভেলু জাভাস্ক্রিপ্টের রিজার্ভ ওয়ার্ড, যাদের নিজস্ব কাজ রয়েছে। কন্ডিশনাল স্টেটমেন্টে বুলিয়ান ডাটা টাইপ ব্যবহার করা হয়।

```
var enabled = true;
var disabled = false;
```

৩. স্ট্রিং ডাটা টাইপ (String Data Type)

স্ট্রিং অনেক জনপ্রিয় একটা ডাটা টাইপ যা টেক্সট উপস্থাপনের জন্য ব্যবহার করা হয়। স্ট্রিং হল কতগুলো ক্যারেক্টারের সমষ্টি যা সিঙ্গেল বা ডাবল কোটেশান দ্বারা আবদ্ধ থাকে।

```
var name = 'Homer', lastName = "Simpson";
var host = 'Conan O'Brien';
var path = 'c:\\temp\\dir\\myfile.txt';
var tabDelimited = "COL1\tCOL2\tCOL3\nVAL1\tVAL2\tVAL3";
```

৪. নাল ডাটা টাইপ (Null Data Type)

null একটি বিশেষ ধরনের কীওয়ার্ড যা **null** ভেলু (কোন মান থাকবে না) প্রকাশ করে। অন্যভাবে বলা যায় **null** এমন একটি ডাটা টাইপ যার শুধুমাত্র একটি ভেলু- **null**। **null** ভেলু তখনই আমরা ব্যবহার করব যখন ভেরিয়েবলের মান আমাদের অজানা। আমরা জানি ভেরিয়েবলের নাম কেস সেন্সিটিভ তাই **null** কীওয়ার্ড **Null**, **NULL** অথবা অন্যকোন কনভিনেশন এক নয়।

```
var name = "Homer";
var ssn = null;
```

৫. আনডিফাইন্ড ডাটা টাইপ (Undefined Data Type)

Undefined ডাটা টাইপের শুধুমাত্র একটি ভেলু রয়েছে- **undefined**। এটা **null**-এর মত কিন্তু আবার সঠিকভাবে এক জিনিস না। **Undefined** মূলত কোন ভেরিয়েবলের ডিফল্ট মান প্রকাশ করে যা ইনিশিয়ালাইজের প্রয়োজন হয় না, এটাকে জাভাস্ক্রিপ্ট **Constant** ও বলা যায়। যেমন-

```
var name = "Homer";
var ssn;
```

উপরের উদাহরণে `ssn` হল `undefined` ভেরিয়েবল যা `null` বা অন্যকোন ভেলু দ্বারা ইনিশিয়ালাইজ করা হয় নি।

অধ্যায়ঃ পাঁচ- জাভাস্ক্রিপ্ট কনস্ট্যান্ট ও রিজার্ভড ওয়ার্ড

জাভাস্ক্রিপ্ট কনস্ট্যান্ট(JavaScript : Constants)

"`const`" কীওয়ার্ড ব্যবহার করে জাভাস্ক্রিপ্টে কনস্ট্যান্ট ডিকলার করা হয়। জাভাস্ক্রিপ্টে ফাংশান ডিকলারের সময় কনস্ট্যান্ট লোকাল বা গ্লোবাল উভয় ধরণের হতে পারে। কনস্ট্যান্ট হল `read-only` অর্থাৎ একবার ডিকলার করা হলে এটা আর পরিবর্তন করা যায় না। কনস্ট্যান্ট নামের নিয়ম নীতি ভেরিয়েবল নামের নিয়ম নীতির অনুরূপ, শুধু একটি বিষয়ের পাঠ্য যে কনস্ট্যান্ট ডিকলারের ক্ষেত্রে সবুদা "`const`" কীওয়ার্ড ব্যবহার করতে হবে। যদি "`const`" কীওয়ার্ড ব্যবহার করা না হয় তবে এটা ভেরিয়েবল হিসেবে ধরে নেওয়া হবে।

উদাহরণঃ

```
const country = 'Bangladesh';
```

//ফাংশান ডিকলারের সময় কনস্ট্যান্ট ও ফাংশানের নাম একই হওয়া যাবে না। একই ফাংশানের মাঝে কনস্ট্যান্ট ও ভেরিয়েবলের নাম একই হওয়া যাবে না। নিচের স্টেটমেন্টগুলিতে ইরর দেখাবে।

```
function abc()
{
const abc = 55;
}
function abc()
{
const x = 15;
var x;
}
```

জাভাস্ক্রিপ্ট রিজার্ভড ওয়ার্ডঃ

নিম্নে জাভাস্ক্রিপ্ট রিজার্ভ ওয়ার্ডের তালিকা দেওয়া হল। জাভাস্ক্রিপ্টে ফাংশন, ভেরিয়েবল, মেথড, লুপ লেবেল এবং যে কোন অবজেক্টের নাম ডিকলার করতে এইসকল রিজার্ভ ওয়ার্ড ব্যবহার করা থেকে বিরত থাকুন কারণ এদের নিজস্ব ব্যবহার আছে। এদের মাঝে কিছু জাভাস্ক্রিপ্ট কীওয়ার্ড রয়েছে।

Table of JavaScript Reserved Words							
break	continue	do	for	import	new	this	void
case	default	else	function	in	return	typeof	while
comment	delete	export	if	label	switch	var	with

Java Keywords (Reserved by JavaScript)		
abstract	implements	protected
boolean	instanceOf	public
byte	int	short
char	interface	static
double	long	synchronized
false	native	throws
final	null	transient
float	package	true
goto	private	

ECMAScript Reserved Words		
catch	enum	throw
class	extends	try
const	finally	
debugger	super	

Other JavaScript Keywords

alert	eval	Link	outerHeight	scrollTo
Anchor	FileUpload	location	outerWidth	Select
Area	find	Location	Packages	self
arguments	focus	locationbar	pageXoffset	setInterval
Array	Form	Math	pageYoffset	setTimeout
assign	Frame	menubar	parent	status
blur	frames	MimeType	parseFloat	statusbar
Boolean	Function	moveBy	parseInt	stop
Button	getClass	moveTo	Password	String
callee	Hidden	name	personalbar	Submit
caller	history	NaN	Plugin	sun
captureEvents	History	navigate	print	taint
Checkbox	home	navigator	prompt	Text
clearInterval	Image	Navigator	prototype	Textarea
clearTimeout	Infinity	netscape	Radio	toolbar
close	innerHeight	Number	ref	top
closed	innerWidth	Object	RegExp	toString
confirm	isFinite	onBlur	releaseEvents	unescape
constructor	isNaN	onError	Reset	untaint
Date	java	onFocus	resizeBy	unwatch
defaultStatus	JavaArray	onLoad	resizeTo	valueOf
document	JavaClass	onUnload	routeEvent	watch
Document	JavaObject	open	scroll	window
Element	JavaPackage	opener	scrollbars	Window
escape	length	Option	scrollBy	

অধ্যায়ঃ ছয়- জাভাস্ক্রিপ্ট অপারেটর

জাভাস্ক্রিপ্ট অপারেটর কি?

অপারেটর হল, বিভিন্ন ম্যাথমেটিক্যাল অপারেশন করার জন্য ব্যবহৃত চিহ্ন। যেমনঃ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি হল ম্যাথমেটিক্যাল অপারেশন, আর এ সকল অপারেশন সম্পন্ন করা হয় যথাক্রমে $+$, $-$, $*$ ও $/$ চিহ্নের মাধ্যমে। এসকল চিহ্নই হল অপারেটর।

জাভাস্ক্রিপ্টে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মূল ভূমিকা পালন করে থাকে অপারেটর। অন্যান্য প্রোগ্রামিং ল্যাংগুয়েজ এর অপারেটর এর সাথে জাভাস্ক্রিপ্ট অপারেটর এর মিল আছে। অপারেটর হচ্ছে এমন একটি **symbol**(প্রতীক) যা কোন গাণিতিক কাজ করতে ব্যবহৃত হয়। বেশির ভাগ ক্ষেত্রে কাজগুলো হচ্ছে পাটিগণিতীয়(**arithmetic**) যেমন যোগ, বিয়োগ ইত্যাদি তবে সবক্ষেত্রে নয়। **Variable** ও অন্যান্য অবজেক্টের পারস্পরিক গাণিতিক ও যৌক্তিক সম্পর্ক বোঝানোর জন্য অপারেটর ব্যবহার করা হয়। কাজের ধরন অনুসারে জাভাস্ক্রিপ্টে পাঁচ ধরনের অপারেটর ব্যবহার করা হয়। যথাঃ

- 1.string Operators
- 2.comparison Operators
- 3.arithmetic Operators
4. assignment Operators
5. logical(or Relational) Operators
6. Conditional (or ternary) Operators

1.string operator:

জাভাস্ক্রিপ্টে দুটি string operator আছে-

+	দুই বা ততোধিক উপাদানকে যুক্ত করে
+=	একটি string এর সাথে আরেকটি string যুক্ত করে।

+ অপারেটরঃ

স্ট্রিং ভেরিয়েবলকে(দুই বা ততোধিক) একত্র করতে বা টেম্প্লেট ভেলুকে একত্র করতে + অপারেটর ব্যবহার করা হয়। যেমনঃ নিচের উদাহরণে কতগুলো স্ট্রিংকে একত্র করা হয়েছে-

উদাহরণঃ

"i"+"am"+myName

এখানে I ও am দুটো string এবং myName একটি variable। যদি myName variable এর মান faruk হয় তবে উপরের স্টেটমেন্ট হবে-

"I am faruk"

+= অপারেটরঃ

Book+="about JavaScript" হয়

যদি book variable-এর মান "This book is" হয়, তবে উপরের স্টেটমেন্ট হবে-

"This book is about JavaScript"

মেসেজ, পরামর্শ বা তথ্য প্রদর্শন করার জন্য অপারেটর অপরিহার্য। নিচের উদাহরণে ইউজারের নাম জেনে তা মেসেজ হিসেবে দেখাবে-

```
1 <HTML>
2 <HEAD>
3 <TITLE>Welcome to my Webpage</TITLE>
4 <BODY>
5 <SCRIPT LANGUAGE="JavaScript">
6   fullName = prompt ("What is your name, please?","")
7   document.write ("Welcome to my Webpage" + fullName)
8 </SCRIPT>
9 </BODY>
10 </HTML>
```

2. Comparison অপারেটরঃ

দুটো মানের মাঝে তুলনা করার জন্য Comparison অপারেটর ব্যবহার করা হয়। অন্যভাবে বলা যায়-ভেরিয়েবল বা ভেলুস এর মধ্যে সম্পর্ক নির্ণয় করতে Comparison অপারেটর ব্যবহৃত হয়। Comparison অপারেটর সাধারণত conditional স্টেটমেন্টগুলিতে বিভিন্ন ভেলুর মধ্য তুলনা করতে এবং ফলাফলের উপর ভিত্তি করে সিদ্ধান্ত নিতে সাহায্য করে। যেমন-

```
if (age<18) document.write("Too young");
```

Comparison অপারেটরসমূহ-

x=5 এর জন্য নিচের টেবিলে comparison অপারেটর ব্যাখ্যা করা হল

অপারেটর	বর্ণনা	উদাহরণ
==	is equal to	x==8 is false x==5 is true
===	is exactly equal to (value and type)	x===5 is true x=== "5" is false
!=	is not equal	x!=8 is true
>	is greater than	x>8 is false
<	is less than	x<8 is true
>=	is greater than or equal to	x>=8 is false
<=	is less than or equal to	x<=8 is true

```

2 <body>
3 <script type="text/javascript">
4   var a = 10;
5   var b = 20;
6   var linebreak = "<br />";
7
8   document.write("(a == b) => ");
9   result = (a == b);
10  document.write(result);
11  document.write(linebreak);
12
13  document.write("(a < b) => ");
14  result = (a < b);
15  document.write(result);
16  document.write(linebreak);
17
18  document.write("(a > b) => ");
19  result = (a > b);
20  document.write(result);
21  document.write(linebreak);
22
23  document.write("(a != b) => ");
24  result = (a != b);
25  document.write(result);
26  document.write(linebreak);
27
28  document.write("(a >= b) => ");
29  result = (a >= b);
30  document.write(result);
31  document.write(linebreak);
32
33  document.write("(a <= b) => ");
34  result = (a <= b);
35  document.write(result);
36  document.write(linebreak);
37 </script>
38 </body>

```

